

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ নভেম্বর ২০২৩খ্রি.

### জলাবদ্ধতা নিরসনে নালা থেকে মাটি তুলছে চসিক

বর্ষাকালীন জলাবদ্ধতা নিরসনে শুষ্ক মৌসুমে নিজস্ব লোকবলের মাধ্যমে নালা-খাল পরিষ্কার ও মাটি উত্তোলন শুরু করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

বৃহস্পতিবার সকালে কার্যক্রমের প্রথম দিনে পূর্ব ষোলশহর ওয়ার্ড কার্যালয় থেকে থানা সংলগ্ন নালা ও হোটেল জামানের সামনে থেকে ওমর আলী মাতব্বর রোডের মুখ পর্যন্ত বর্ষাকালীন জলাবদ্ধতা নিরসনে শুষ্ক মৌসুমে নিজস্ব লোকবলের মাধ্যমে নালা-নর্দমা পরিষ্কার ও মাটি উত্তোলনের কাজ পরিদর্শন করেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

এসময় মেয়র বলেন, বর্ষার আগেই নালা থেকে মাটি উত্তোলন সম্পন্ন করলে নালায় অভ্যন্তরীণ পানি চলাচল সক্ষমতা বাড়বে যা একদিকে বর্ষাকালে নগরীতে জলাবদ্ধতা কমাতে অপরিষ্কার পানি জমাটবদ্ধ না থাকলে মশাও জন্মাবে। তাই গ্রীষ্মের মধ্যেই মাটি উত্তোলনের কাজ সম্পন্ন করতে হবে। মেয়র পানি চলাচলের পথ বন্ধ করে নির্মাণ হওয়া স্থাপনা ভেঙে দেয়ার পাশাপাশি পানি চলাচলে বাধা দেয় এমন কোন কাজ করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে জরিমানাসহ আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন।

চসিকের প্রধান পরিচালক কর্মকর্তা বাংলাদেশ নৌ-বাহিনীর কমান্ডার লতিফুল হক কাজমী, উপ-প্রধান পরিচালক কর্মকর্তা মোরশেদুল আলমসহ পরিচালক বিভাগের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

### সনাতনী তীর্থ যাত্রীদের সাথে চসিক মেয়রের মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পৃষ্ঠপোষকতায় ভারতে যাওয়া ৬০ জন সনাতনী তীর্থ যাত্রীর সাথে মতবিনিময় করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। মেয়র তীর্থ যাত্রীদের সুস্থ ও নিরাপদ ভ্রমণ কামনা করে বক্তব্য রাখেন।

বৃহস্পতিবার লালদীঘিষ্ট্র মাহবুব উল আলম চৌধুরী চসিক লাইব্রেরি প্রাঙ্গণে আয়োজিত সভায় আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন চৌধুরী, কাউন্সিলর শৈবাল দাস সুমন, পুলক খান্টগীর, আবদুস সালাম মাসুম, রুমকি সেনগুপ্ত, বিপ্লব কুমার চৌধুরী।

এবারের মহাতীর্থ দর্শনে তীর্থযাত্রীরা ২৫ নভেম্বর থেকে ১৬ নভেম্বর পর্যন্ত ভারতের বিভিন্ন ঐতিহাসিক মন্দির, স্থাপনা, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শান্তিনিকেতনসহ অনেকগুলো গুরুত্বপূর্ণ স্থান পরিদর্শন করবেন।

### চসিক প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিকের বদলী আদেশ প্রত্যাহারের জন্য সিটি মেয়র বরাবরে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের স্মারকলিপি প্রদান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী ও বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ চট্টগ্রাম কেন্দ্রের সহ-সভাপতি রফিকুল ইসলাম মানিক কে বরিশাল সিটি কর্পোরেশনে বদলি করা নিয়ে প্রকৌশলী পরিষদ নেতারা ক্ষোভ প্রকাশ করে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর নিকট গতকাল একটি স্মারকলিপি প্রদান করেন। স্মারকলিপিতে তারা জানান, দীর্ঘ চাকরি জীবনের শেষ পর্যায়ে এই বদলি একজন প্রকৌশলীর পেশাদারী কর্মকাণ্ডের অবমূল্যায়ন বলে মনে করেন প্রকৌশলী সমাজ। রফিকুল ইসলাম মানিক আগামী ২০ শে মার্চ ২০২৪ ইং তারিখে হতে অবসরে যাওয়ার কথা অথচ অবসরের মাত্র মাস পাঁচেক আগে এই বদলি দুরভিসন্ধিমূলক। উল্লেখ্য যে, রফিকুল ইসলাম মানিক দীর্ঘ ৩৪ বছর যাবত চট্টগ্রাম সিটি কর্পোরেশনে প্রকৌশলী হিসেবে বিভিন্ন পদে সুনাম, সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন। এ ছাড়াও চট্টগ্রাম সিটির পরিকল্পনা ও অবকাঠামোগত উন্নয়নে তিনি সবসময় বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের মাধ্যমে অগ্রণী ভূমিকা পালন করেন।

সাম্প্রতিক সময়ে জারিকৃত একটি প্রজ্ঞাপন অনুযায়ী জনস্বার্থে অত্যাবশ্যক না হলে এবং সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে অনুপযুক্ত বা অক্ষম না হলে সংশ্লিষ্ট সরকারি কর্মচারীকে আবেদন ব্যতীত অবসর প্রস্তুতিমূলক ছুটি আরম্ভের ১৩ মাসের কম

সময় অবশিষ্ট থাকার ক্ষেত্রে অন্য দপ্তরে বা কর্মস্থলে বদলী করা যাবে না। এই আলোকে রফিকুল ইসলাম মানিক এর বদলিজনিত আদেশটি এই নীতিমালার পরিপন্থি বলে মনে করেন প্রকৌশলী পরিষদের নেতৃবৃন্দ।

তফসিল ঘোষণার ঠিক আগের দিন রফিকুল ইসলাম মানিক কে বদলি করায় এটাই প্রতিয়মান হয় যে, একটি অশুভ চট্টগ্রাম উন্নয়ন বিরোধী চক্র চট্টগ্রামের উন্নয়ন ব্যাহত করার জন্য তৎপর রয়েছে। বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ এ ধরনের হীন যড়যন্ত্রমূলক বদলীর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানোর পাশাপাশি এধরনের ঘৃণ্য যড়যন্ত্রকে নস্যাৎ করে রফিকুল ইসলাম মানিক কে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর প্রধান প্রকৌশলী পদে দায়িত্ব বহাল রেখে তার চাকুরীর অবশিষ্ট সময় এখানে রাখার আহ্বান জানান প্রকৌশলী পরিষদ নেতৃবৃন্দ।

এসময় বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ চট্টগ্রাম কেন্দ্রের সভাপতি মোহাম্মদ হারুন বলেন, অনতিবিলম্বে দুরভিসন্ধিমূলক এই বদলি আদেশ প্রত্যাহার করতে চসিক মেয়র রেজাউল করিম চৌধুরীকে অনুরোধ জানান অন্যথায় প্রকৌশলী পরিষদ তথা চট্টগ্রামের প্রকৌশলী সমাজ মানববন্ধন কর্মসূচির মতো আন্দোলনে যাবেন।

বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ নেতারা চসিক মেয়রে কে অবহিত করেন যে, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সহ-সভাপতি একই সাথে ইঞ্জিনিয়ার ইনস্টিটিউশন চট্টগ্রাম কেন্দ্রের কাউন্সিল সদস্য, সম্পাদক, ভাইস-চেয়ারম্যান সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছেন। এ ছাড়াও তিনি চট্টগ্রাম প্রকৌশল সমাজের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে নেতৃত্ব দিয়ে আসছেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮